



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ নেতা নবায়ন চাকমার হত্যার প্রতিবাদে খাগড়াছড়িতে আহত আধাবেলা সড়ক অবরোধের তারিখ পিছিয়ে ২১ মার্চ

খাগড়াছড়ির দীঘিনালায় ইউপিডিএফ নেতা নবায়ন চাকমা মিলন (যিনি সৌরভ নামে সহযোদ্ধাদের মধ্যে অধিক পরিচিত) হত্যা ও মহালছড়িতে পাহাড়ীদের নির্মিত বাড়িঘরে অগ্নিসংযোগের প্রতিবাদে ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা ইউনিট ও তার সহযোগী সংগঠনসমূহ কর্তৃক আহত খাগড়াছড়ি জেলায় আধাবেলা সড়ক অবরোধের তারিখ বিশেষ কারণে আগামী ২১ মার্চ ২০২২ রোজ সোমবার পিছিয়ে নেয়া হয়েছে। এদিন ভোর ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত শান্তিপূর্ণভাবে অবরোধ চলবে।

আজ শনিবার, ১৯ মার্চ ২০২২, ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা ইউনিট ও সহযোগী সংগঠনগুলোর মধ্যে অনুষ্ঠিত এক জরুরী সমন্বয় সভায় উক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে জানানো হয়েছে। উল্লেখ্য, ইতিপূর্বে ২০ মার্চ ২০২২ উক্ত সড়ক অবরোধ পালন করার কথা ছিল।

বিবৃতিতে নিহত সৌরভ চাকমার প্রতি সম্মান ও শ্রদ্ধা জানিয়ে উক্ত শান্তিপূর্ণ অবরোধ সফল করতে বাস, ট্রাক, জীপ, সিএনজি, টমটম মালিক-চালক ও শ্রমিক সংগঠনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি সর্নির্বন্ধ অনুরোধ জানানো হয়েছে।

তবে বিবৃতিতে জরুরী ফায়ার সার্ভিস, এ্যম্বুলেন্স ও শববাহী গাড়ি, জরুরী ঔষধ সরবরাহকারী ও সংবাদপত্র বহনকারী যান, সংবাদ সংগ্রহের কাজে ব্যবহৃত সাংবাদিকদের গাড়ি এই অবরোধের আওতামুক্ত থাকবে বলে উল্লেখ করা হয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।